বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
**Bangladesh Water Development Board**

**নির্বাহী প্রকৌশলীর দপ্তর**
ড্রেজার অপারেশন বিভাগ
বাপাউবো, সিরাজগঞ্জ।
ই-মেইল- xen.sirajganj.dredger@gmail.com

www.bwdb.gov.bd

**Office of the Executive Engineer**
Dredger Oparation Division
BWBD, Sirajganj.
e-mail-xen.sirajganj.dredger@gmail.com

স্মারক নং: নিঃপ্রঃ/ড্রেঅবিসি/২৪৮ তারিখ: ১১-০৭-২০২৪ খ্রি.

**"সীমিত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, সিরাজগঞ্জ দপ্তরে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় অনধিক ০৩ (তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৪-২০২৫ অর্থ বৎসরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি ও নবায়ন করা হবে। আগ্রহী ঠিকাদার/সরবরাহকারীগণ কর্তৃক হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, বগুড়া এর অনুকূলে ৫০০.০০ (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে আবেদন ফি পরিশোধ করে আগামী ২১/০৭/২০২৪ খ্রি. হতে ২০/০৮/২০২৪ খ্রি.পর্যন্ত (সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত) সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৫:০০ ঘটিকা সময়ের মধ্যে নির্বাহী প্রকৌশলী'র দপ্তরে দাখিলের মাধ্যমে আবেদন পত্র (ডকুমেন্ট) সংগ্রহ ও নিম্ন ছকে বর্ণিত কাগজ পত্রাদিসহ জমা প্রদান করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভূক্তি ফরম বিক্রয় এবং আবেদন গ্রহণ করা হবে না।

| | | |
|---|---|---|
| ১। | মন্ত্রণালয় | পানি সম্পদ মন্ত্রণালয়। |
| ২। | সংস্থা | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |
| ৩। | ক্রয়কারীর নাম | নির্বাহী প্রকৌশলী, ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, সিরাজগঞ্জ। |
| ৪। | আবেদনকারীর যোগ্যতা | ১। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স ২। হালনাগাদ ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট ৩। ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট (ব্যাংক স্টেটমেন্টসহ).৪। জাতীয় পরিচয়পত্র ৫। পাসপোর্ট সাইজের ০৪ কপি ছবি। |
| ৫। | আবেদন ফরম ফি | আবেদন ফরম ফি বাবদ ৫০০.০০ (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, বগুড়া বরাবরে। |
| ৬। | তালিকাভূক্তিকরন ও নবায়ন ফি | নতুন তালিকাভূক্তির জন্য ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা সাথে ১৫% ভ্যাট বাবদ ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) টাকা এবং নবায়নের জন্য জন্য ২,০০০.০০ (দুই হাজার) টাকা সাথে ১৫% ভ্যাট বাবদ ৩০০.০০ (তিনশত) টাকাঅফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, বগুড়া বরাবরে। |
| ৭। | আবেদন প্রাপ্তির স্থান | নির্বাহী প্রকৌশলীর দপ্তর, ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, সিরাজগঞ্জ। |
| ৮। | আবেদনপত্র দাখিল | নির্বাহী প্রকৌশলীর দপ্তর, ড্রেজার অপারেশন বিভাগ, বাপাউবো, সিরাজগঞ্জ। |
| ৯। | আবেদনপত্র (ডকুমেন্ট) বিক্রয়/জমা আরম্ভের তারিখ | ২১-০৭-২০২৪ খ্রি., সকাল ৯:০০ ঘটিকা হতে। |
| ১০। | আবেদনপত্র বিক্রয়/জমা দেওয়ার শেষ তারিখ ও সময় | ২০-০৮-২০২৪ খ্রি., বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত। |

**"শর্তাবলী"**

১। বাপাউবো'র নির্ধারিত ছকে ৩০০.০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা প্রদান করতে হবে।
২। নবায়নের ক্ষেত্রে অবশ্যই ঠিকাদার তালিকাভূক্তির রেজিষ্ট্রেশন বই জমা দিতে হবে।
৩। আবেদনের সাথে ২০২৩-২৪ অর্থ বছরে আয়কর প্রদানের প্রমানক প্রদান করতে হবে। জুলাই/২৪ খ্রি. হতে যে সকল ঠিকাদার নতুন TIN Registration করবেন তাদের আয়কর প্রদানের প্রমানক প্রদান করতে হবে না।
৪। ঠিকাদার/সরবরাহকারী নতুন তালিকাভূক্তি/নবায়ন করার ক্ষেত্রে অত্র সার্কুলার জারীর পর যথাক্রমে ২৫.০০ লক্ষ (কার্য) ও ১৫.০০ লক্ষ (পণ্য) টাকার ব্যাংক সলভেন্সী প্রদান করতে হবে। ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সলভেন্সী সনদে অবশ্যই সংশ্লিষ্ট ব্যাংক শাখার ই-মেইল ঠিকানা উল্লেখ থাকতে হবে।
৫। ঠিকাদারগণের আবেদনপত্র যাচাই বাচাই পূর্বক প্রাথমিকভাবে নির্বাচিত ঠিকাদারগণের তালিকা প্রকাশিত হবার পর তালিকাভূক্তিকরণ ফি ও নবায়ন ফি (পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট) প্রাক্কলন শাখায় জমা করতে হবে।

স্বাঃ/-

**(মোঃ মনিরুল ইসলাম)**
নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) (অঃদাঃ)
পরিচিত নং: ৮৭০১২০০০২
ড্রেজার অপারেশন বিভাগ
বাপাউবো, সিরাজগঞ্জ।

স্মারক নং: নিঃপ্রঃ/ড্রেঅবিসি/২৪৮/১(৯) তারিখ: ১১-০৭-২০২৪ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ড্রেজার, বাপাউবো, খুলনা।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), ড্রেজার অপারেশন সার্কেল, বাপাউবো, সিরাজগঞ্জ।

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।

৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। (তালিকাটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য সদয় অনুরোধ করা হলো।)

৫। উপ-বিভাগীয় প্রকৌশলী, সিরাজগঞ্জ ড্রেজার অপারেশন উপ-বিভাগ-২, বাপাউবো, সিরাজগঞ্জ।

৬।সহকারী প্রকৌশলী (যা./বি.)( সিরাজগঞ্জ ড্রেজার অপারেশন উপ-বিভাগ-২, বাপাউবো, সিরাজগঞ্জ।

৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, বগুড়া।

৮।উপ-সহকারী প্রকৌশলী (যা./বি.)(সকল)/প্রাক্কলনিক, অত্র দপ্তর।

৯। অফিস কপি।

১১/০৭/২৪

নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক)
ড্রেজার অপারেশন বিভাগ
বাপাউবো, সিরাজগঞ্জ।